# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০৪

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই কথা বলেছিলেন, তার বিবরণ

ذكر العلة التي من أجلها قال رسول الله صلى عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْقَوْلَ

আরবী

3204 ـ أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ الْحُسَيْنِ بْنِ الْمِنْهَالِ الضَّرِيرُ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ الْقَيْسِيُّ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ , عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ , قَالَ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَا يَسُرُّنِي أَنَّ أُحُداً لِي ذَهَبًا يَأْتِي عَلَيَّ ثَلَاثٌ وَعِنْدِي مِنْهُ دِينَارٌ غَيْرَ شَيْءٍ أرصُدُهُ فِي دَيْنٍ عليَّ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3204 | خلاصة حكم المحدث: صحيح – ((فقه السيرة)) (48) , ((الصحيحة)) (1028): ق.

বাংলা

৩২০৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “আমি পছন্দ করি না যে, আমি উহুদ পাহাড় পরিমাণ স্বর্ণের মালিক হই, অতঃপর তিন দিন অতিবাহিত হওয়ার পর আমার কাছে একটি স্বর্ণ মুদ্রা থাকুক, তবে সেটা ব্যতীত যা আমি ঋণ পরিশোধ করার জন্য রেখে দেই।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪৬৭; সহীহ মুসলিম: ৯৯১; সহীহুল বুখারী: ২৩৮৯; ইবনু মাজাহ: ৪২৩১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১০২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92534

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন